


সব দাবি মানতে হবে, জানালেন বুয়েট শিক্ষার্থীরা

নিজস্ব প্রতিবেদক, ঢাকা

০৮ অক্টোবর ২০১৯, ১৮:১৬
আপডেট: ০৮ অক্টোবর ২০১৯, ১৯:১৭



৫




বুয়েটে বিক্ষুন্দ শিক্ষার্থীদের সমাবেশ। ছবি সংগৃহীত

বাংলাদেশ

প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ছাত্র আবরার ফাহাদ হত্যার ঘটনায় বিক্ষুন্দ শিক্ষার্থীরা ক্যাম্পাসে অবস্থান নিয়েছেন। আজ মঙ্গলবার

সন্ধ্যা ছয়টা পর্যন্ত বুয়েট শিক্ষার্থীদের পক্ষে স্লোগান দিতে দেখা যায়। বিক্ষুল শিক্ষার্থীরা জানান, আংশিক কোনো দাবি মানা হবে না।

এর আগে শিক্ষার্থীরা ভিসির কার্যালয়, একাডেমিক ভবন, প্রশাসনিক ভবন ও বুয়েটের প্রধান ফটকে তালা লাগিয়ে দেন। তাঁরা জানান, সব দাবি মানতে হবে, আংশিক কোনো দাবি মানা হবে না। ক্যাম্পাসে ভিসি আসা না পর্যন্ত তালা ঝুলবে।



শিক্ষার্থীরা বলেন, তাঁদের দাবি মানা না হলে আগামী ১৪ অক্টোবর বুয়েটে ভর্তি পরীক্ষা বন্ধ থাকবে।

আবরার হত্যার ঘটনায় প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেছেন বিক্ষুল শিক্ষার্থীরা।

সাধারণ শিক্ষার্থীদের দাবিগুলো হলো—

১. খুনিদের সর্বোচ্চ শাস্তি নিশ্চিত করতে হবে।
২. ৭২ ঘণ্টার মধ্যে খুনিদের শনাক্ত করে সবার ছাত্রত্ব আজীবন বহিক্ষারের বিষয়টি নিশ্চিত করতে হবে।
৩. দায়েরকৃত মামলা দ্রুত বিচার ট্রাইব্যুনালের অধীনে স্বল্পতম সময়ে নিষ্পত্তি করতে হবে।
৪. বিশ্ববিদ্যালয়ের উপাচার্য কেন ৩০ ঘণ্টা অতিবাহিত হওয়ার পরও ঘটনাস্থলে উপস্থিত হয়নি, তা তাকে সশরীরে ক্যাম্পাসে এসে আজ বিকেল ৫ টার মধ্যে জবাবদিহি করতে হবে। একই সঙ্গে ডিএসডব্লিউ স্যার কেন ঘটনাস্থল থেকে পলায়ন করেছেন, এ বিষয়ে তাঁকে আজ বিকেল ৫ টার মধ্যে সবার সামনে জবাবদিহি করতে হবে।

৫. আবাসিক হলগুলোতে র্যাগের নামে ও ভিন্ন মতাবলম্বীদের ওপর সকল প্রকার শারীরিক এবং মানসিক নির্বাতন বন্ধে প্রশাসনকে জড়িত সকলের ছাত্রত্ব বাতিল করতে হবে। একই সঙ্গে আহসানউল্লা হল এবং সোহরাওয়ার্দী হলের পূর্বের ঘটনাগুলোতে জড়িত সকলের ছাত্রত্ব বাতিল ১১ অক্টোবর, ২০১৯ তারিখ বিকেল ৫ টার মধ্যে নিশ্চিত করতে হবে।
৬. রাজনৈতিক ক্ষমতা ব্যবহার করে আবাসিক হল থেকে ছাত্র উৎখাতের ব্যাপারে অজ্ঞ থাকা এবং ছাত্রদের নিরাপত্তা নিশ্চিতে সম্পূর্ণভাবে ব্যর্থ হওয়ায় শেরে বাংলা হলের প্রতোষকে ১১ অক্টোবর, ২০১৯ তারিখ বিকেল ৫ টার মধ্যে প্রত্যাহার করতে হবে।
৭. মামলা চলাকালে সকল খরচ এবং আবরারের পরিবারের সকল ক্ষতিপূরণ বুয়েট প্রশাসনকে বহন করতে হবে।